



৮ মাঘ ১৪৩১


স্মারক নং : ৪৬.৪২.১৫০০.০০০.০০১.৬১.০০০১.২৩.৬৮১৩

তারিখ: _____
২২ জানুয়ারি ২০২৫

বিষয় : স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এর বিধি ৪৪ মতে চাকুরি হতে সাময়িক বরখাস্তকরণ প্রসঙ্গে।

আপনি ইমতেয়াজ নাঈম, সার্ভেয়ার, জেলা পরিষদ, চট্টগ্রাম এ দায়িত্বে থাকা অবস্থায় মোট ২৫টি জমা রশিদ বই সংশ্লিষ্ট শাখা সহকারী থেকে গ্রহণ করেন। নিয়ম অনুযায়ী ইজারার টাকা আদায়পূর্বক আদায়কারী কর্তৃক জেলা পরিষদের সংশ্লিষ্ট সোনালী ব্যাংক লিমিটেড, কোর্টহিল শাখা, চট্টগ্রাম; হিসাব নম্বর: ১০০৭০০১০০০৬১৬ এ জমাকরণের বিধান রয়েছে। কিন্তু উল্লিখিত ২৫টি বইয়ের মধ্যে প্রাথমিক যাচাইস্বে মোট ৯৭,৩৮,৭১২/- (সাতানব্বই লক্ষ আটত্রিশ হাজার সাতশত বারো) টাকা নিজেই গ্রহণপূর্বক সংশ্লিষ্ট হিসাবে জমা করেননি। এ বিষয়ে আপনাকে তাৎক্ষণিকভাবে জিজ্ঞাসা করা হলে আপনি কোন সদুত্তর দিতে পারেন নাই। এটি স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এর বিধি ৩৮ এর উপবিধি 'চ' মোতাবেক তহবিল তসরূপ তথা আত্মসাতের সামিল এবং শাস্তিযোগ্য অপরাধ।


এমতাবস্থায়, জেলা পরিষদের তহবিল তসরূপ তথা আত্মসাত করার কারণে আপনাকে স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এর বিধি ৪৪ অনুযায়ী চাকুরি হতে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন আপনি প্রযোজ্য বিধি বিধান মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং তা আজ ২২ জানুয়ারি ২০২৫খ্রি: তারিখ হতে কার্যকর হবে।


(মো. দিদারুল আলম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
ফোন: ০২৪১৩৬১০৮৩
ফ্যাক্স: ০২৪১৩৬১০৮৫
zpchittagong@lgd.gov.bd

জনাব ইমতেয়াজ নাঈম
সার্ভেয়ার
জেলা পরিষদ, চট্টগ্রাম

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রশাসক, জেলা পরিষদ, চট্টগ্রাম
৩. নির্বাহী প্রকৌশলী (অতি:দা:), জেলা পরিষদ, চট্টগ্রাম
৪. সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, চট্টগ্রাম
৫. উপসহকারী প্রকৌশলী (সকল), জেলা পরিষদ, চট্টগ্রাম
৬. হিসাবরক্ষক, জেলা পরিষদ, চট্টগ্রাম
৭. ব্যক্তিগত নথি


(মো. দিদারুল আলম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)